দৈনিক সংবাদ

তারিখ 02 DEC 1997
পৃষ্ঠা ১৩ কলাম ৬

112

# বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির কর্মসূচি ঘোষণা

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি ৫ দফা-দাবি আদায়ের লক্ষ্যে আগামী ২৮শে ডিসেম্বর সকাল-সন্ধ্যা প্রতীক অনশনের কর্মসূচি ঘোষণা করেছে। ঐদিন বিকেল ৪টার মধ্যে দাবি মানা না হলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা দেয়া হবে।

গতকাল সোমবার নবাবপুর রোডস্থ সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনের মাধ্যমে নেতারা এ কর্মসূচির ঘোষণা দেন। লিখিত বক্তব্য পাঠ করেন 'সমিতির' মহাসচিব আক্কাস আলী। উপস্থিত ছিলেন সিনিয়র সহ-সভাপতি আবুল হোসেন, কাজী ইসমাইল, মৃগেন্দ্র মোহন সাহা, আজিজুর রহমান প্রমুখ।

শিক্ষক সমিতির ৫ দফা দাবির মধ্যে রয়েছে নিবন্ধনকৃত বিদ্যালয়গুলোকে জাতীয়করণ, বেতন স্কেলসহ অন্যান্য সুবিধা প্রদান, নয়া বিদ্যালয়গুলো সংস্কার এবং মহানগরীসহ বেসরকারি সকল প্রাথমিক বিদ্যালয়ে ৪-এর অধিক শিক্ষক নিয়োগ দান।